

পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক ফড়িং ৩-৫ মিলিমিটার লম্বা হয়। উজ্জ্বল সবুজ রঙের পোকাকার গায়ে কালো কালো দাগ থাকে। কীড়ার গায়ে বিভিন্ন ধরনের দাগ থাকে।


পূর্ণবয়স্ক স্ত্রী-ফড়িং পাতার খোলার ভিতরে ডিম পাড়ে। তিন থেকে পাঁচ দিনের মধ্যে ডিম থেকে কিড়া বের হয়। কীড়া থেকে পূর্ণবয়স্ক ফড়িং হতে ১৫-২১ দিন সময় লাগে। পূর্ণবয়স্ক ফড়িং ২৫ দিন পর্যন্ত বেঁচে থাকতে পারে।



পূর্ণবয়স্ক সবুজ পাতাফড়িং

ক্ষতি

- ▶ বাচ্চা ও পূর্ণবয়স্ক পোকা ধানের পাতার রস শুষে খায়।
- ▶ ধান গাছ কুশি অবস্থায় বেশি আক্রান্ত হয়।
- ▶ সব মৌসুমে (বোরো, আউশ ও আমন) এই পোকাকার প্রাদুর্ভাব দেখা যায়।
- ▶ ক্ষতিগ্রস্ত গাছ হলুদ ও খাটো হয়।
- ▶ এই পোকা টুংরো ও ইয়ালো ডুয়ার্ফ নামক ভাইরাস রোগ ছড়ায়। সাধারণত টুংরো রোগ বেশি ছড়ায়।



সবুজ পাতাফড়িং আক্রান্ত ক্ষেত

দমন ব্যবস্থাপনা

- ▶ আলোকফাঁদ ব্যবহার করা।
- ▶ হাতজাল দিয়ে পোকা ধরে মেরে ফেলা।
- ▶ ডালপালা পুঁতে পোকাখেকো পাখির সাহায্যে দমন করা।
- ▶ সবুজ পাতাফড়িং ও টুংরো রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন জাতের চাষ করা।
- ▶ প্রয়োজনে বীজতলা বা জমিতে অনুমোদিত কীটনাশক ব্যবহার করা। (এক্ষেত্রে যদি হাতজালের প্রতি টানে একটি সবুজ পাতাফড়িং পাওয়া যায় এবং আশে পাশে টুংরো আক্রান্ত ধান গাছ থাকে তবেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।